# পরিবারের জন্য তথ্য:

## ব্যক্তিক শিক্ষা কর্মসূচিযুক্ত ( IEPs ) শিক্ষার্থীদের প্রোমোশন

আইইপিযুক্ত শিক্ষার্থী যারা মানভিত্তিক মূল্যায়নে অংশগ্রহণ করেছেন তাদের পরিবারের জন্য এই সহায়-সংস্থান[1]। নিচে আপনি বিভিন্ন গ্রেড স্তরের জন্য প্রোমোশন গাইডলাইনের বিবরণ পাবেন। আপনার সন্তানকে যে প্রোমোশনের মাপকাঠিতে বিবেচনা করা হয়, এবং আপনার সন্তানের অগ্রগতির হালনাগাদ তথ্যের সময়রেখা সম্পর্কে প্রশ্ন জানতে এই রিসোর্স বা সংস্থান ব্যবহারে আমরা আপনাকে উৎসাহিত করি। আপনি আপনার সন্তানের IEP টিমের একজন গুরুত্বপূর্ণ সদস্য এবং আপনার সন্তানের IEP তৈরির সব সিদ্ধান্তের অংশ, যার অন্তর্ভুক্ত প্রোমোশনের মাপকাঠি।

প্রোমোশন হলো একটি প্রক্রিয়া যা দিয়ে শিক্ষকগণ নির্ধারণ করেন শিক্ষার্থীরা পরবর্তী গ্রেডে সফল হবার জন্য প্রস্তুত কিনা, এবং যেসব বিষয় জানা এবং দক্ষতা অর্জন প্রয়োজন সেটি হয়েছে কিনা। NYCDOE-এর প্রোমোশন পলিসির বিবরণ চ্যান্সেলরের প্রবিধান A-501 রয়েছে। এর লক্ষ্য পরবর্তী গ্রেডে যাবার আগে সাক্ষরত এবং গণিতের ভিত্তি শক্তিশালী করতে শিক্ষার্থীদের যে সহায়তার প্রয়োজন সেটি নিশ্চিত করা।

### K-2 গ্রেড

- সাক্ষরতা এবং গণিতে শিক্ষার্থীদের শিক্ষণ মান পূরণের লক্ষ্যে আপনার সন্তান অগ্রগতি করছে কিনা সেটি নির্ধারণে স্কুল বছরব্যাপী আপনার সন্তানের কার্যসম্পাদনা পর্যালেচনা করে। এই অন্তর্ভুক্ত আপনার সন্তানের গ্রেড-স্তরের অগ্রগতি এবং আইইপি লক্ষ্যের দক্ষতা।
- আপনার সন্তানকে প্রোমোশন দেয়া অথবা একই ক্লাসে রাখা হবে কিনা সে সিদ্ধান্তে পৌঁছুতে আপনি এবং আপনার সন্তানের শিক্ষক একটি সক্রিয় ভূমিকা রাখেন। আপনার সন্তানের অগ্রগতি প্যারেন্ট/টিচার কনফারেন্সে আলোচনা করা উচিত।
- আপনার সন্তান যদি ইংরেজি ভাষার শিক্ষার্থীও হয়, সিদ্ধান্তে ভাষার দখল একটি বিষয় হয়ে দাঁড়ায়, কিন্তু শুধু ইংরেজি ভাষার দক্ষতার ভিত্তিতে সিদ্ধান্ত হতে পারে না।
- প্রোমোশন আপনার সন্তানের সর্বোচ্চ স্বার্থ রক্ষার কারণে না হলে তাকে একই ক্লাসে রাখার কথা ভাবা হচ্ছে কিনা সেবিষয়টি জানিয়ে আপনাকে জুনে একটি চিঠি দেয়া হবে।

### 3-8 গ্রেড

- আইইপিযুক্ত অধিকাংশ শিক্ষার্থী তাদের আইইপিযুক্ত সহপাঠীদের মতো একই প্রোমোশনের মানদণ্ডে বিবেচিত হতে পারে। এটি মানসম্মত প্রোমোশনের মানদণ্ড নামেও পরিচিত। এর অর্থ যথাযথ সহায়তা এবং পরিষেবাসহ, আপনার সন্তান তার গ্রেডের জন্য আবশ্যিক বিভিন্ন বিষয় ও দক্ষতা শেখার লক্ষ্যে অগ্রগতি করতে সক্ষম হবে।
- প্রত্যেক শিক্ষার্থীর অ্যাকাডেমিক অগ্রগতি পরিমাপ করা হয় তাদের অগ্রগতি মূল্যায়নের বহুবিধ মাপকাঠি ব্যবহার করে। বহুবিধ পরিমাপের মধ্যে থাকতে পারে টেস্ট স্কোর, গ্রেড, রাইটিং নমুনা, প্রোজেক্ট, অ্যাসাইনমেন্ট, এবং অন্য কার্যসম্পাদনা-ভিত্তিক কাজ। নিউ ইয়র্ক স্টেট টেস্ট স্কোর যদিও বিবেচনা করা হতে পারে, কিন্তু পরবর্তী গ্রেডের জন্য শিক্ষার্থীর প্রস্তুতি নির্ধারণে সেগুলি একমাত্র বিষয় হবে না। বহুবিধ পরিমাপের ব্যবহার নিশ্চিত করে যে আপনার সন্তানের তার জ্ঞান এবং যোগ্যতা প্রদর্শনের অনেক সুযোগ রয়েছে।
    - প্রোমোশনের জন্য আপনার সন্তানের কী কী দক্ষতা এবং বিষয় জানতে হবে সেব্যাপারে অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষকদেরকে জিজ্ঞেস করার বিষয়টি নিশ্চিত করুন। আপনার সন্তানকে যে বহুবিধ উপায়ে মূল্যায়ন করা হবে সেব্যাপারেও আপনার সন্তানের শিক্ষকদেরকে জিজ্ঞেস করবেন।
- প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা কঠোর প্রত্যাশার মানদণ্ডে বিবেচিত হোক এবং পরবর্তী গ্রেডে গিয়ে সাফল্যের জন্য প্রয়োজনীয় দক্ষতা এবং বিষয় জানবে সেটি গুরুত্বপূর্ণ।
- আপনার সন্তানকে প্রোমোশনের মানদণ্ডে পর্যাপ্ত অগ্রগতি লাভে যথাযথ শিক্ষানির্দেশনা, হস্তক্ষেপ এবং বিশেষ শিক্ষা সহায়তা ও পরিষেবা এবং বিশেষ সুবিধা প্রদান করা হবে। সকল যোগ্য মূল্যায়নে শিক্ষার্থীরা তাদের বিশেষ সুবিধাল লাভ করে, এর মধ্যে আছে ডিওই প্রোমোশন পোর্টফোলিওজ।
- সামান্য সংখ্যক শিক্ষার্থীর সংশোধনকৃত প্রোমোশনের মানদণ্ড প্রয়োজন হতে পারে। প্রতিটি আইইপি মিটিংয়ে প্রোমোশনের মাপকাঠি আলোচিত হয় এবং মিটিংয়ে আপনার মতামত এবং অংশগ্রহণসহ আপনার সন্তানের যথাযথ মাপকাঠি নির্ধারিত হয়। আপনার সন্তানকে যদি সংশোধিত মানদণ্ডে বিবেচনা করা হয়, তাকে তার আইইপি-তে উল্লিখিত অথবা বছর শেষে প্রোমোশনের জন্য সাক্ষরতা এবং/অথবা গণিতের এইসব বার্ষিক লক্ষ্য পূরণ করতে হবে। আপনার সন্তানের কেন সংশোধিত প্রোমোশনের মাপকাঠি আবশ্যিক হতে পারে তার যুক্তি আইইপি-তে প্রদান করা আছে। এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে, প্রোমোশনের মাপকাঠি নির্বিশেষে 3-8 গ্রেডের একজন শিক্ষার্থী এবং 9-12 গ্রেডের সকল শিক্ষার্থী যারা নিয়মিত মানের মূল্যায়নে অংশ নিয়েছে তাদেরকে মানসম্মত প্রোমোশনের মানদণ্ডে বিবেচনা করা হয়। অতএব, আপনার সন্তানকে হাই স্কুলে সাফল্যের জন্য প্রস্তুত করতে, আমরা তাকে তার গ্রেড স্তরের শিক্ষণ মান অর্জনের সুযোগদানে, সেসব বিষয়ে অংশগ্রহণ, এবং অগ্রগতি লাভের লক্ষ্যে যথাযথ সহায়তা এবং পরিষেবা দিচ্ছি সেবিষয়টি নিশ্চিত করতে চাই।

---

[1] যেসব শিক্ষার্থী বিকল্প মূল্যায়নে অংশ নেয় তাদের প্রোমোশনের মানদণ্ডে মাপা হয় না।

Department of Education
Carmen Fariña, Chancellor

- ৪ গ্রেডে, সকল শিক্ষার্থী যাদের মান নিয়মিত মান অথবা সংশোধিত প্রোমোশনের মানদণ্ডে রয়েছে তাদের পরবর্তী গ্রেডে প্রোমোশন পাবার জন্য অবশ্যই মূল বিষয়ের ক্লাসগুলিতেও পাস করতে হবে (ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস, গণিত, সায়েন্স, এবং সোশ্যাল স্টাডিজ)।
- আপনার সন্তানকে একই গ্রেডে রাখার বিষয়টি বিবেচনা করা হচ্ছে কিনা জুনে আপনি সেসম্পর্কিত নোটিস পাবেন।
- যেসব শিক্ষার্থী জুনে প্রোমোশন পাবে না তাদের জন্য সামার স্কুলে যোগদান বধ্যতামূলক যাতে তারা পরবর্তী গ্রেডে সফল হতে প্রয়োজনীয় ধারণা এবং দক্ষতার উপর কাজ অব্যাহত রাখতে পারে। সামার স্কুলের শেষে, প্রোমোশনের ব্যাপারে একটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

## 9–12 গ্রেড

- হাই স্কুলে, যেসকল শিক্ষার্থী নিয়মিত মানের মূল্যায়নে অংশগ্রহণ করে (যেমন, রিজেন্টস্ পরীক্ষা), তাদের নিয়মিত প্রোমোশনের মাপকাঠিতে বিবেচনা করা হবে। আইইপিযুক্ত শিক্ষার্থীরা এর অন্তর্ভুক্ত।
- হাই স্কুলে, শিক্ষার্থীদের ক্রেডিট অর্জন এবং রিজেন্টস্ পরীক্ষার ভিত্তিতে পরবর্তী গ্রেডে প্রোমোশনের সিদ্ধান্তটি প্রিন্সিপ্যালগণ নেন। গ্রাজুয়েশনের শর্ত পূরণের লক্ষ্যে শিক্ষার্থীরা সঠিক পথে আছে কি নেই অথবা ক্রেডিটের ঘাটতি পূরণ এবং রিজেন্টস্ পরীক্ষা পুনরায় দেবার জন্যে শিক্ষার্থীরা সামার স্কুলে যোগদানের সুযোগ থেকে লাভবান হবে কিনা সেসিদ্ধান্তটি প্রিন্সিপ্যালগণ জুনে নেন।
- **গ্র্যাজুয়েশন:** নিউ ইয়র্ক স্টেটে, তিন ধরনের ডিপ্লোমা রয়েছে: স্থানীয় ডিপ্লোমা, রিজেন্টস্ ডিপ্লোমা, এবং উচ্চতর রিজেন্টস্ ডিপ্লোমা। আইইপিযুক্ত শিক্ষার্থীসহ, সকল শিক্ষার্থীকে সর্বোচ্চ বিকল্পটি অর্জনের জন্য উৎসাহিত করা উচিত যা তার জন্য উপযুক্ত।
  - আপনার সন্তান কী ধরনের ডিপ্লোমা অর্জন করে তা নির্ভর করে তার কোর্স ক্রেডিট এবং নির্দিষ্ট রিজেন্টস্ পরীক্ষার স্কোরের উপর, যেমনটি এই গ্রাজুয়েশনের শর্তের ওয়েবপেজে উল্লিখিত আছে।
  - আপনি যদি ভাবেন আপনার সন্তান গ্রাজুয়েশনের চাহিদা পূরণ করে তেমন ক্রেডিট অর্জন করছে না, অতি সত্বর অনুগ্রহ করে আপনার স্কুলের গাইডেন্স কাউন্সেলরের সাথে কথা বলুন। মনে রাখবেন একজন শিক্ষার্থী সবসময় এইসব শর্ত অতিক্রম করতে পারে; এগুলি হলো সর্বনিম্ন।
  - প্রত্যেক ধরনের ডিপ্লোমার জন্য ক্রেডিট এবং পরীক্ষার শর্ত সম্পর্কিত আরও বিস্তারিত তথ্য গ্রাজুয়েশনের শর্তের কার্ডে রয়েছে, যা এনওয়াইসি ডিওই ওয়েবসাইটে ও প্রকাশ করা হয় এবং আপনার সন্তানের হাই স্কুলেও লভ্য।
- **নন-ডিপ্লোমা বিকল্পসমূহ:** পেশাজীবনের-প্রস্তুতির দক্ষতা প্রদর্শন করে এমন দুটি ক্রেডেনশিয়াল শিক্ষার্থীরা অর্জন করতে পারে। বিদ্যমান বিকল্প গ্র্যাজুয়েশনের ক্রেডেনশিয়াল হাই স্কুল ডিপ্লোমার সমতুল নয়।
  - ক্যারিয়ার ডেভালাপমেন্ট অ্যান্ড অক্যুপেশনাল স্টাডিজ কমেন্সমেন্ট (CDOS) ক্রেডেনশিয়াল শিক্ষার্থীদেরকে কর্মক্ষেত্রের জন্য প্রয়োজনীয় অ্যাকাডেমিক এবং ব্যক্তিগত আচরণের দক্ষতা প্রদর্শনের সুযোগ দেয়। এটি হাই স্কুল ডিপ্লোমার সাথে অথবা এককভাবেও অর্জন করা সম্ভব।
  - প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যারা নিউ ইয়র্ক স্টেট অল্টারনেট অ্যাসেসমেন্টে (NYSAA)অংশ নিয়েছে তারা স্কিল অ্যান্ড অ্যাচিভমেন্ট ক্রেডেনশিয়াল অর্জন করতে পারে, যা যদিও ডিপ্লোমার সমমানের নয়, পেশাজীবী-প্রস্তুতির দক্ষতা অর্জনে সহায়ক।

## K–12 গ্রেডের সকল শিক্ষার্থীর জন্য দ্রষ্টব্য:

রিপোর্ট কার্ডের উদ্দেশ্য সাধারণ শিক্ষার পাঠ্যক্রমে অগ্রগতির ডক্যুমেন্ট রাখা। একজন শিক্ষার্থীর প্রতিবন্ধিতা অথবা প্রোমোশনের মাপকাঠি যাই হোক না কেন, সকল শিক্ষার্থীর রিপোর্ট কার্ডে গ্রেডের ভিত্তি NYSED শিক্ষণ মানের গ্রেড-স্তর অর্জনে অগ্রগতি। প্রোমোশনের সিদ্ধান্ত নেয়া হয় শিক্ষার্থীর অগ্রগতির বহুবিধ পরিমাপের ভিত্তিতে – যেমন গ্রেড, ক্লাসরুম অ্যাসেসমেন্ট, নিউ ইয়র্ক স্টেট টেস্ট, প্রোজেক্টস্, এবং স্কুল কর্তৃক পছন্দনীয় অন্য কাজ। গ্রেড, যেমন টেস্ট স্কোর, কোন শিক্ষার্থীর প্রোমোশনের সিদ্ধান্তগ্রহণে শুধুমাত্র উপাদান নয়।

যেসকল শিক্ষার্থী জুনে প্রোমোশন পায়নি তাদের সামার স্কুলে অংশগ্রহণের সুযোগ রয়েছে। অগাস্টে প্রিন্সিপ্যাল আবার আপনার সন্তানের অগ্রগতি পর্যালোচনা করবেন এবং তার প্রোমোশন সম্পর্কে একটি সিদ্ধান্ত নেবেন। সামার স্কুল সম্পর্কিত আরও তথ্যের জন্য আপনার সন্তানের স্কুলের কর্মীদের সাথে কথা বলুন এবং NYC DOE সামার ইন দ্যা সিটি পেজ দেখুন। আপনার সন্তানের প্রোমোশনের সিদ্ধান্ত সম্পর্কে আপনার যদি উদ্বেগ থকে, আপনি আপনার স্কুলের সুপারিনটেনডেন্টের কাছে পরবর্তী স্কুল বছর শুরু হবার আগে অগাস্টে আপিল করতে পারেন্।

## প্রশ্ন

আপনার সন্তানের প্রোমোশনের মাপকাঠি সম্পর্কে অথবা আপনার সন্তান প্রোমোশনের মাপকাঠি পূরণ করছে সেবিষয়ে তেমন কোন প্রশ্ন থাকে, আপনার উচিত তার স্কুলের সাথে যোগাযোগ করা। আরও তথ্যের জন্য, **specialeducation@schools.nyc.gov** ঠিকানায় ইমেইল করুন।